

Prime Minister speaks with His Excellency President Volodymyr Zelenskyy of Ukraine

March 07, 2022

রাশিয়ার রাষ্ট্রপতি ব্লাদিমির পুটিনের সঙ্গে প্রধানমন্ত্রীর কথা

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টেলিফোনে রাশিয়ার রাষ্ট্রপতি ব্লাদিমির পুটিনের সঙ্গে কথা বলেছেন।

উভয় নেতাই ইউক্রেনের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। রাষ্ট্রপতি পুটিন ইউক্রেনীয় ও রুশ প্রতিনিধিদলের মধ্যে আলোচনার সর্বশেষ পরিস্থিতির বিষয়ে প্রধানমন্ত্রীকে জানান। শ্রী মোদী রাশিয়া ও ইউক্রেনের মধ্যে আলোচনাকে স্বাগত জানিয়েছেন। তিনি আশা করেন, এই আলোচনার মধ্য দিয়ে সংঘাতের অবসান হবে। প্রধানমন্ত্রী, রুশ রাষ্ট্রপতি এবং ইউক্রেনের রাষ্ট্রপতি জেলেনস্কির মধ্যে সরাসরি কথা বলার প্রস্তাব দেন। তিনি মনে করেন, আলোচনার মাধ্যমেই শান্তির পথ প্রশস্ত হবে।

প্রধানমন্ত্রী সুমিতে আটকে পড়া ভারতীয় ছাত্রছাত্রীদের নিরাপত্তা ও সুরক্ষার বিষয়ে তাঁর উদ্বেগের কথা জানান। রাষ্ট্রপতি পুটিন, ভারতীয় ছাত্রছাত্রী সহ সাধারণ নাগরিকদের মানবিক কারণে নিরাপদে অন্যত্র চলে যাওয়ার সুযোগের ব্যাপারে প্রধানমন্ত্রীকে বিস্তারিত জানিয়েছেন।

নতুন দিল্লী

মার্চ ০৭, ২০২২

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.